গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৪ তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৬
২৮ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ** পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** আংশিক মেঘলা থেকে অস্থায়ীভাবে মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

**কুয়াশাঃ** শেষ রাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৭.৪ | ২৬.২ | ২৮.৮ | ২৭.৫ | ২৬.৯ | ২৬.০ | ২৭.৮ | ২৮.১ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৪.২ | ১৫.০ | ১৫.০ | ১১.৪ | ১৩.৫ | ১১.৬ | ১৪.০ | ১৪.৬ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ২৮.৮$^{0}$ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১১.৪$^{0}$সেঃ।
**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ২৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
**নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবানী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।**
**অগ্নিকান্ডঃ**
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৬/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৭/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৯টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ৭ | ৩ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৬ | ০ | ০ |
| ৬। | রংপুর | ২ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৭ | ০ | ০ |
| | **মোট** | **২৯** | **৭** | **৩** |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):**

১। ঢাকা: জেলা প্রশাসক ঢাকা স্বারক নং ৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৩.১৯-১৮৫ তারিখ ২৭.০২.২০২০ইং এর মাধ্যমেজানিয়েছেন যে, ২৭-০২-২০২০ তারিখ আনুমানিক ভোর ৪:৩০ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন হাতিরঝিল থানার অন্তর্গত ৪৫/এ,দিলুরোড, ইস্কাটন রোড, মগবাজার, ঢাকায় অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ০৮(আট)টি ইউনিট ভোর ৪:৪০ ঘটিকায় ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রায় আধা ঘন্টা প্রচেষ্টার পর ভোর ৫:১০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

০২।

অগ্নিকান্ডের অব্যবহিত পর জেলা প্রশাসনের কর্মকর্তাসহ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা ঘটনাস্থল পরিদর্শন করেন। অগ্নিকান্ডে হুমায়ন কবির, রানা, মনির ও তানিম এর মালিকানাধীন ৫তলা ভবনের নিচ তলায় গাড়ির গ্যারেজ থেকে অগ্নিকান্ডের সূত্রপাত হয় বলে প্রত্যক্ষদর্শীরা অনুমান করেন। আগুনের লেলিহানশিখা ভবনের ২য় ও ৩য় তলায় ছড়িয়ে পড়লে বসবাসকারীদের আসবাবপত্রসহ মূল্যবান জিনিসপত্র বিনষ্ট হয়। নিজ তলার গ্যারেজে রাখা ৫টি প্রাইভেট কার ও দুটি মটর সাইকেল পুড়ে যায়। অগ্নিদগ্ধ হয়ে ৩(তিন) জন নিহত হন এবং ০৭(সাত) জন আহত হন। আহতদের ঢাকা মেডিকেল কলেজের বার্ণ ইউনিটে ভতি করা হয়েছে। ০২(দুই) জন আইসিইউতে আছে। নিহতদের মরদেহ ময়না তদন্তের পর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে স্বজনদের নিকট হস্তান্তর করা হবে।

## <u>আহত এবং নিহতের তথ্যাদি</u> :

| ক্র:নং | নিহতদের নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | আব্দুল কাদের লিটন (৪০)<br>পিতা-মুহাম্মদ উল্লাহ<br>মাতা-জমিনা বেগম | গ্রাম: পশ্চিম নন্দপুর, থানা- লক্ষীপুর সদর জেলা-লক্ষীপুর বর্তমান-৪৫/এ দিলু রোড ঢাকা। | |
| ০২ | এ,কে,এম রুশদী (০৪)<br>পিতা-এ,কে,এম শহিদুল কীরমানী(রনী)<br>মাতা-জান্নাতুল ফেরদৌস | সা-ইটনা,থানা- শিবপুর,জেলা-নরসিংদী বর্তমান- ৪৫/এ দিলু রোড, ঢাকা। | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | আফরিজান যুঁথি (১৮)<br>পিতা-মো: জাহাঙ্গীর আলম<br>মাতা-উম্মে কুলসুম | সাং সুর্যদি, উপজেলা-শেরপুর সদর<br>জেলা-শেরপুর<br>বর্তমান ৪৫/এ দিলু রোড,ঢাকা | |

| ক্র:নং | আহতদের নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | এ,কে,এম শহিদুল্লাহ (৬৮)<br>পিতা-মৃত: সায়েদ আলী<br>মাত-মৃত: খোরশেদা বেগম | সাং-ইটনা,থানা- শিবপুর,জেলা-নরসিংদী<br>বর্তমান- ২৩১, উত্তর শাহজাহানপুর ,ঢাকা। | |
| ০২ | জান্নাতুল ফেরদৌস (জান্নাত) (৩৮)<br>পিতা- আব্দুস শহিদ<br>মাতা- ফিরোজা বেগম | সাং আসাদনগর মনোহরদী<br>জেলা-নরসিংদী<br>বর্তমান-৪৫/এ দিলু রোড, ঢাকা | |
| ০৩ | আব্দুস সহিদ (৮০)<br>পিতা-মৃত: আব্দুল আজিজ সরকার<br>মাতা-মৃত: রহিমা খাতুন | সাং আসাদনগর মনোহরদী<br>জেলা-নরসিংদী<br>বর্তমান-২৭/১ দিলু রোড, ঢাকা। | |



| | | |
|---|---|---|
| ০৪ | মো: মনির হোসেন (৪০)<br>পিতা-মো: আব্দুস সামাদ<br>মাতা-শাহিদা খাতুন | সাং সোনাকান্দর,থানা-মেঘনা,কুমিল্লা<br>বর্তমান-৪৫/এ দিলু রোড, ঢাকা |
| ০৫ | সুমাইয়া আক্তার(৩১)<br>পিতা-কারী মিজানুর রহমান<br>মাতা- পিয়ারা বেগম | সাং কচুয়া সাচার,থানা- কচুয়া<br>জেলা-চাদপুর ।<br>বর্তমান-৪৫/এ দিলু রোড, ঢাকা |
| ০৬ | রিফাত (১০)<br>পিতা- মনির হোসেন<br>মাতা- সুমাইয়া আক্তার | সাং কচুয়া সাচার,থানা- কচুয়া<br>জেলা-চাদপুর ।<br>বর্তমান-৪৫/এ দিলু রোড, ঢাকা |
| ০৭ | মাহমুদ হাসান (০১)<br>পিতা- মনির হোসেন<br>মাতা-সুমাইয়া আক্তার | সাং সোনাকান্দর,থানা-মেঘনা,কুমিল্লা<br>বর্তমান-৪৫/এ দিলু রোড, ঢাকা |

২৯-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৪/১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৬
২৮ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা
৪) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৯-২-২০২০
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)